

পথ নিরাপত্তার জন্য কৃষ্ণনগরে সিসি টিভি ক্যামেরা



কৃষ্ণনগরে সিসি টিভি ক্যামেরা লাগানোর পর সাধারণকে জানাতে
বিজ্ঞপ্তি প্রকাশনের। ছবি: প্রতিবেদক

অমিতকুমার ঘোষ

কৃষ্ণনগর, ২৭ এপ্রিল

কৃষ্ণনগর শহরে পথ-নিরাপত্তা জোরদার করতে সিসি টিভি ক্যামেরা বসচ্ছে পুলিশ। রাস্তার বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়গুলিতে এই ধরনের ক্যামেরা বসানো থাকবে। রাস্তার বিভিন্ন অপরাধের ক্ষেত্রে অপরাধীকে চিহ্নিত করতে বা সেই ঘটনার প্রমাণ রাখতে এই ক্যামেরাগুলি কাজ করবে। অনেকসময় রাস্তায় দুর্ঘটনা হয়। দুর্ঘটনার সময় রাস্তায় কাউকে ধাক্কা মেরে কোনও গাড়ি চলে যায়। কিন্তু সেই গাড়ির আর নম্বর পাওয়া যায় না। এক্ষেত্রে সেই এলাকার ছবি সিসি টিভিতে দেখে ভবিষ্যতে সেই গাড়ির নম্বর পাওয়া যাবে এবং গাড়িটিকেও শনাক্ত করা যাবে।

এই ক্যামেরাগুলিতে যে ছবিগুলি উঠছে তার ব্যাকআপ থাকবে ২০ দিন পর্যন্ত। ফলে সেই সময়ের মধ্যেই প্রয়োজনীয় অংশটুকু দেখে তাকে প্রয়োজনে সংরক্ষণ করা যাবে। ইতিমধ্যেই কৃষ্ণনগর শহরের জেলাশাসকের কার্যালয়ের কাছে কালেক্টরি মোড়ে, পিডব্লিউ মোড়ে, নবরীপ মোড়ে তারা মা হোটেলের কাছে ক্যামেরা বসে গেছে। এর পরে পোস্ট অফিস মোড়, সদর হাসপাতাল মোড়, বেলেডাঙা মোড়, পৈদেরপাড়া মোড়— এসব গুরুত্বপূর্ণ জায়গাতে এই ক্যামেরা বসানো হবে। আর ক্যামেরা যে বসানো হচ্ছে তা জনসাধারণকে জানিয়েও দেওয়া হচ্ছে।

শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে একথা জানিয়ে বোর্ড বসিয়েছে জেলা পুলিশ। তাতে দেখা আছে: আপনারা সিসি টিভির আওতায় আছেন। একথা জানিয়ে পুলিশ বোধহয় জনসাধারণকে বাড়তি সতর্ক করে দিতে চাইছে। নদীয়ার পুলিশ সুপার শিশুরাম ঝাঝারিরা জানিয়েছেন, 'যানবাহন চলাচল-সহ বিভিন্ন সমস্যার সমাধানের জন্যেই এই ক্যামেরাগুলি লাগানো হচ্ছে।' উল্লেখ্য, জেলাশাসক, পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপারের বাহুল্যের সামনেও ইতিমধ্যেই এই ধরনের ক্যামেরা লাগানো হয়েছে।



৮৭৪৮-৩
জ্যৈষ্ঠ ২৮ শ্রী ২০১৯-২০২০